বাগোয়ান ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে হারিয়ে এফসিবি ফাইনালে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্টের সেমি ফাইনালে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে হারিয়ে ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি) ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

আজ সোমবার বিকালে মেহেরপুর সরকারি ফুটবল মাঠে চরম উত্তেজনাপূর্ণ খেলাটি অনুষ্ঠিত হয়। এতে ফুটবল মাঠের চারপাশে কানায় কানায় দর্শকদের বাধ ভাঙ্গা উচ্ছাস ছিল।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এ অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্ট এ টানটান উত্তেজনাপূর্ণ খেলায় ৪ গোল করে বিজয়ী হয়ে টুর্নামেন্ট ফাইনাল খেলায় অংশগ্রহণ নিশ্চিত করেছে ফাস্ট ক্যাপিট্যাল অব বাংলাদেশ (এফসিবি)। গতকার সোমবার মেহেরপুর সরকারি কলেজ মাঠে অনুষ্ঠিত সেমিফাইনাল খেলায় নির্ধারিত সময়ের প্রথমার্ধের ১২ মিনিটের সময় এফসিবি’র ফরোয়ার্ড রুমন একটি গোল করে তার দলকে এগিয়ে নেন। এরপর ১৪ মিনিটের সময় সাইক আরও একটি গোল করে এফসিবিকে ২-০ গোলে এগিয়ে থাকে। পরে বাগোয়ান ইউনিয়ন একাদশের পক্ষে ২৫ মিনিটের সময় ফরোয়ার্ড সবুজ একটি দৃষ্টিনন্দন গোল করে নিজ দলকে কিছুটা এগিয়ে নেন। খেলার দ্বিতীয়ার্ধের ১৩ মিনিটের সময় এফসিবি’র রুমন আরও একটি গোল করেন। পরে অতিরিক্ত টাইমের শেষ মিনিটে এফসিবি’র তানিন সরকার আরও একটি গোল করে তাদের ঝুলিতে ৪ টি গোল যুক্ত করেন।

খেলায় বাগোয়ান ইউনিয়ন একাদশ ৩ টি গোল করার সুযোগ পেলেও গোল দিতে ব্যার্থ হন।

খেলায় এফসিবি’র অধিনায়ক শাকিল বিচারকদের বিবেচনায় শাকিল ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হওয়ায় টুর্নামেন্টের পক্ষ থেকে একটি জার্সি উপহার দেওয়া হয়। এছাড়া খেলায় এফসিবির পক্ষে রুমন দুটি গোল দেওয়ায় লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে একটি জার্সি উপহার দেওয়া হয়।

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর উপদেষ্টা মেহেরপুর সরকারি কলেজের অবসরপ্রাপ্ত ক্রীড়া শিক্ষক মো: রমজান আলী, সাবেক মেয়র ও কৃতি ফুটবলার আব্দুর রহমান, বিএম স্কুলের প্রাক্তন শিক্ষক

ও প্রাক্তন কৃতি ফুটবলার আব্দুর রহমান, জনতা ব্যাংকের অবসরপ্রাপ্ত এজিএম ও প্রাক্তন কৃতি ফুটবলার আব্দুস সামাদ, সাবেক ফুটবলার আমিরুল ইসলাম অল্ডাম ও খেলার সদস্য সচিব মাহাবুব চান্দু ম্যান অফ দ্যা ম্যাচ শাকিলের হাতে জার্সি তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিন ফুটবল টুনার্মেন্টের আহবায়ক এমদাদুল হক, প্রাক্তন ফুটবলার আব্দুস সালাম, মাসুদ করিম ধলস, শামীম হোসেন, আজমাইন হক, সামসুজ্জামান শামীম, মনিরুল ইসলাম মনি, আনোয়ারুল হক কালু, শামীম জাহাঙ্গীর সেন্টু, জাহাঙ্গীর আলম, ইয়ারুল ইসলাম।

আগামীকালকের খেলা দ্বিতীয় সেমি ফাইনাল গাংনী উপজেলার বাওট শাপলা ক্লাব ও মোনাখালি ইউনিয়ন একাদশ।

খেলাটি এক যোগে প্রচারিত হবে, রাজধানী টিভি, রেডিও পায়রা, মেহেরপুর প্রতিদিন ফেসবুক পেইজ।